

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮৪৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৩৬]

১৮/ বিবিধ চিত্তকর্ষী হাদিসসমূহ (حتاب المنثورات والملح)

পরিচ্ছেদঃ ৩৭০ : দাজ্জাল ও কিয়ামতের নিদর্শনাবলী সম্পর্কে

(370) بَابُ أَحَادِيْثِ الدَّجَّالِ وَأَشْرَاطِ السَّاعَةِ وَغَنْرِهَا

আরবী

وَعَنْهُ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: «بَيْنَ النَّفْخَتَيْنِ أَرْبَعُونَ» قَالُوا: يَا أَبَا هُريرَةَ أَرْبَعُونَ يَوْماً ؟ قالَ: أَبَيْتُ، قَالُوا: أَرْبَعُونَ سَنَةً ؟ قَالَ: أَبَيْتُ. قَالُوا: أَرْبَعُونَ شَهْراً ؟ قَالَ: أَبَيْتُ. ﴿وَيَبْلَى كُلُّ شَيْءٍ مِنَ الإِنْسَانِ إِلاَّ عَجْبَ الذَّنَبِ، فِيهِ يُرَكَّبُ الخَلْقُ، ثُمَّ يُنْزِّلُ اللهُ مِنَ السَّمَاءِ مَاءً فَيَنْبُتُونَ كَمَا يَنْبُتُ البَقْلُ». متفق عليه

বাংলা

২৯/১৮৪৫। উক্ত রাবী (আবূ হুরাইরা) রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "[কিয়ামতের পূর্বে] শিঙ্গায় দু'বার ফুঁৎকার দেওয়ার মধ্যবর্তী ব্যবধান হবে চল্লিশ।" লোকেরা জিজ্ঞাসা করল, 'হে আবূ হুরাইরা! চল্লিশ দিন?' তিনি বললেন, 'উঁহুঁ।' তারা প্রশ্ন করল, 'তবে কি চল্লিশ বছর?' তিনি বললেন, 'উঁহুঁ।' তারা পুনরায় জিজ্ঞাসা করল, 'তাহলে কি চল্লিশ মাস?' তিনি বললেন, 'উঁহুঁ।' "মেরুদণ্ডের নিম্নভাগের অস্থি ব্যতীত মানবদেহের সমস্ত হাড় পচে যাবে। তারপর উক্ত অস্থি থেকে মানুষকে পুনর্গঠিত করা হবে। অতঃপর আল্লাহ তা'আলা আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করবেন, যার ফলে শাক-সবজী গজিয়ে উঠার মত মানুষ গজিয়ে উঠবে।" (বুখারী-মুসলিম)[1]

English

(370) Chapter: Ahadith about Dajjal and Portents of the Hour

Abu Hurairah (May Allah be pleased with him) said:

The Prophet () said, "Between the two Blowing of the Trumpet there will be an interval of forty." The people said, "O Abu Hurairah! Do you mean forty days?" He said, "I cannot say anything." They said, "Do you mean forty years?" He said, "I cannot say anything." They said, "Do you mean forty months?" He said, "I cannot say anything. The Prophet added: 'Everything of the human body will perish except the last coccyx bone (end part of the



spinal cord), and from that bone Allah will reconstruct the whole body. Then Allah will send down water from the sky and people will grow like green vegetables'."

[Al- Bukhari and Muslim].

Commentary:

- 1. When Israfil blows the Trumpet the first time, by Allah's Leave, all those who are in the heavens and on earth will swoon away, except him whom Allah will. This will be the first Blowing. Then, it will be blown a second time, they will become alive and will emerge from their graves. These Blowings are known as the `Blowings of Fainting and Rising'. As regard the interval between these two Blowings, the narrator of the narration, Abu Hurairah (May Allah be pleased with him), could not say anything when he was asked about it; as he himself did not know it. But in other narrations the interval has been mentioned as forty years.
- 2. The earth eats away the whole body of humans except the bodies of the Prophets. However, only the end part of the spinal cord remains intact. How it remains intact is known to Allah, but from it mankind will be created again.
- 3. Bodies will rise from the earth as vegetation springs out from the earth after the rainfall.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫৮১৪, ৪৯৩৫, মুসলিম ২৯৫৫, নাসায়ী ২০৭৭, আবূ দাউদ ৪৭৪৩, ইবনু মাজাহ ৪২৬৬, আহমাদ ৮০৮৪, ৯২৪৪, ১০০৯৯, ২৭৩৯৭, দারেমী ৫৬৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন